সংবাদ

তারিখ 13 AUG 2018
পৃঃ ... 8 ... কলাম ... 6

### মানববন্ধনে সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতি ও সিএইচআরএম

# সন্ত্রাস ও জঙ্গিবাদ নির্মূলে সরকারকে সহযোগিতা করুন

নিজস্ব বার্তা পরিবেশক

সন্ত্রাস ও জঙ্গিবাদ নির্মূলে সরকারকে সহায়তা করতে সবাইকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়েছে বাংলাদেশ সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতি। অন্যদিকে সন্ত্রাস ও জঙ্গিবাদের আগাছা বিনাশ করতে সবাইকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়েছে সেন্টার ফর হিউম্যান রাইটস মুভমেন্ট (সিএইচআরএম)।

গতকাল জাতীয় প্রেসক্লাবের সামনে পৃথক পৃথক মানববন্ধন থেকে সংগঠন দুটি এ আহ্বান জানায়। বিকেলে সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির মানববন্ধনে বক্তব্য রাখেন সমিতির সভাপতি মু. আ আউয়াল তালুকদার, নির্বাহী সভাপতি ওয়েজ আহম্মদ প্রমুখ।

মানববন্ধনে বক্তারা বলেন, কোন ধর্মই সন্ত্রাস ও জঙ্গিবাদকে সমর্থন করে না। যে করেই হোক এদেশ থেকে সন্ত্রাস জঙ্গিবাদকে নির্মূল করতে হবে। সরকার জঙ্গিবাদ নির্মূলে বদ্ধপরিকর। আমাদের সবাইকে ঐক্যবদ্ধ হয়ে সরকারকে জঙ্গিবাদ নির্মূলে সহায়তা করতে হবে। সন্ত্রাস-জঙ্গিবাদীদের বাংলার মাটিতে ঠাঁই নেই। সিএইচআরএমের মানববন্ধনে বক্তব্য রাখেন সংগঠনের প্রধান নির্বাহী এম মোজাহেদুল ইসলাম মুজাহিদ, চেয়ারম্যান অ্যাডভোকেট ড. মো. জিয়াউর রহমান, সিনিয়র চেয়ারম্যান ড. শেখ ফরিদুল ইসলাম, দক্ষিণবঙ্গ যুব কল্যাণ ফাউন্ডেশনের চেয়ারম্যান মো. খেলাফত হোসেন বাচ্চু প্রমুখ। এ সময় বক্তারা বলেন, রাজনৈতিক, অর্থনৈতিক সাম্য, ন্যায়বিচার ও মানবতাবোধ প্রতিষ্ঠা করে লুটপাট-দুর্নীতি পরিহার করে যুবকদের সামনে আদর্শ নেতৃত্বের মডেল উপস্থাপন করতে হবে। তবেই যুবকরা শান্তির পথে আসবে।